DEC. 1 3 2001

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...৬... কলাম ...৩...

# ইবিতে প্রায় ৯শ শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী বেতন বঞ্চিত ॥ আন্দোলনে যাচ্ছে তারা

কুষ্টিয়া থেকে জেলা বার্তা পরিবেশক ঃ ইসলামি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বন্ধ থাকায় ঈদের সময়ে সেখানে এক সংকটাপন্ন অবস্থার সৃষ্টি হয়েছে।

শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা আন্দোলনে যাচ্ছে এ অবস্থা নিরসনের জন্য। দীর্ঘদিন থেকে ইবিতে উপাচার্য ও ট্রেজারার পদ শূন্য থাকায় এ সংকট-সৃষ্টি হয়েছে।

ইবিতে বর্তমানে ২শ ৩৯ জন শিক্ষক, ১শ ৫ জন কর্মকর্তা ও ৫শ ২৭ জন কর্মচারী কর্মরত আছেন। এদের অনেকেরই অভিমত বর্তমান সরকারের উদাসীনতা ও অদূরদর্শিতা এ অমানবিক পরিস্থিতির সৃষ্টি করেছে।

এদিকে সাধারণ কর্মচারীরা উপাচার্য প্রফেসর লুৎফর রহমানকে পদত্যাগে বাধ্য করায় ইবি জিয়া পরিষদের প্রতি ক্ষোভ প্রকাশ করে তাদের ঘেরাও করার অভিমত ব্যক্ত করে। তারা ২/১ দিনের মধ্যেই আন্দোলনে যেতে পারে বলে জানায়।

ইতোমধ্যে ইবি শিক্ষক সমিতি, বঙ্গবন্ধু পরিষদ, প্রগতিশীল শিক্ষক ফোরাম ও সহায়ক কর্মচারী সমিতির নেতৃবৃন্দ স্থানীয় পত্রপত্রিকায় তাদের অসুবিধা ও অভিযোগ জানিয়ে বিবৃতি প্রদান করে উপাচার্য ও ট্রেজারার নিয়োগের দাবিতে এবং নানাবিধ অব্যবস্থা দূরীকরণে আন্দোলনে যাবেন বলে জানিয়েছেন।